



## স্কুল ট্যাক্স রিলিফ (STAR) ক্রেডিটের জন্য নিবন্ধন

আপনার নতুন ঠিকানায় আপনাকে অভিনন্দন! যদি এটি আপনার প্রাথমিক বা মূল বাসস্থান হয় তবে STAR ক্রেডিটের জন্য নিবন্ধন করতে কয়েক মিনিট সময় নিন।

যোগ্য নতুন বাড়ির মালিকরা তাদের STAR সঞ্চয়গুলো সরাসরি নিউ ইয়র্ক স্টেট থেকে চেক বা সরাসরি ডিপোজিট আকারে পাবেন।

তবে STAR ক্রেডিট পেতে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্টে নিবন্ধন করতে হবে।

আপনি দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন [www.tax.ny.gov/star](http://www.tax.ny.gov/star) ওয়েবসাইটে নিবন্ধন করতে পারবেন।

কম্পিউটার ছাড়াই সম্পত্তির মালিকরা ফোনের মাধ্যমে 518-457-2036 নম্বরে সপ্তাহের দিনগুলোতে সকাল 8:30 থেকে বিকেল 4:30 এর মধ্যে নিবন্ধন করতে পারবে।

### আপনি কি STAR এর জন্য যোগ্য?

আপনি যদি আপনার বাড়ির মালিক হন, এটি আপনার মূল বাসস্থান হয় এবং আপনার আয় \$500,000 বা তার কম হয়, আপনি বেসিক STAR ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য।

এছাড়াও, যদি আপনার আয় \$107,300 বা তার কম হয় এবং আপনি 65 বা তার বেশি বয়সী হন, তাহলে আপনি বর্ধিত STAR ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

আপনার নতুন বাড়ির প্রথম বছরে, আপনি পূর্ববর্তী মালিকের STAR ছাড় পেতে পারেন। ভবিষ্যতের বছরগুলোতে, যতদিন আপনি যোগ্য থাকবেন, আপনি STAR ক্রেডিট পেতে পারেন। আপনাকে পুনরায় নিবন্ধন করতে হবে না।

### আপনি নিবন্ধন করার আগে, এই তথ্য উপলভ্য করুন:

- সম্পত্তির সকল মালিক এবং তাদের স্বামী/স্ত্রীর নাম এবং সোশ্যাল সিকিউরিটি নাম্বার
- স্কুল ডিস্ট্রিক্টের নাম যেখানে আপনার মূল বাসস্থান অবস্থিত
- আপনি সম্পত্তি কেনার আনুমানিক তারিখ এবং বিক্রোতাদের নাম
- সর্বশেষ স্কুল ট্যাক্স বিল, যদি আপনি একটি পেয়ে থাকেন
- অন্য স্টেটে মালিকানাধীন কোনো আবাসিক সম্পত্তির ঠিকানা
- যদি সম্পত্তি ট্রাস্টের মালিকানাধীন হয়, তাহলে ট্রাস্টের আইনি নাম
- সমস্ত মালিকদের জন্য 2023 ফেডারেল বা স্টেট আয়কর রিটার্ন (আপনি যদি 2023 আয়কর রিটার্ন দাখিল না করে থাকেন, তবে আপনাকে সমস্ত সম্পত্তির মালিকদের জন্য আর্থিক তথ্য প্রদান করতে বলা হবে)

আপনি যে সম্পত্তি করের বেনিফিট পাওয়ার জন্য যোগ্য, আপনাকে তা পেতে সাহায্য করার জন্য আমাদের নতুন হোমওউনার বেনিফিট পোর্টাল উপলব্ধ!

নিউ ইয়র্ক স্টেট-এর বাসার মালিক হিসাবে, আমাদের নতুন পোর্টাল ব্যবহার করে:

- STAR ক্রেডিটের জন্য নিবন্ধিত হোন
- STAR ক্রেডিট ডিরেক্ট ডিপোজিট-এ নথিভুক্ত হোন
- আপনার সম্পত্তি কর নিবন্ধনের স্থিতি পরীক্ষা করুন
- আপনার নিবন্ধন দেখুন, সম্পাদনা করুন, অথবা বন্ধ করে দিন
- নিশ্চিত করুন যে আপনার তথ্য নিখুঁত এবং সম্পূর্ণ আছে
- সমস্যাগুলির সমাধান করতে পদক্ষেপ নিন

